

টাঙ্গাইলের সখীপুরে এসএসসি পরীক্ষার ফরম পূরণের দাবিতে বড়চওনা উচ্চ বিদ্যালয়ের নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষকের কার্যালয়ে তালা দিয়েছে। এ সময় প্রধান শিক্ষকসহ অন্য শিক্ষকরা ভেতরে আটকা পড়েন। পরে শিক্ষার্থীরা বড়চওনা বাজারে বিক্ষোভ মিছিল করে এবং সাগরদীঘি-সখীপুর সড়ক অবরোধ করে। নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্যরা ফরম পূরণের সুযোগের দাবিতে শনিবার এসব কর্মসূচি পালন করে। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।